

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র


স্মারক নং-৪৬.০৪৬.০১৪.০০.০০.০২০.২০১৩-৯৬৮

তারিখ : ০৮ জুলাই ২০১৮।

বিষয়: Efficient and Accountable Local Governance (EALG) শীর্ষক প্রকল্পের নামে সোনালী ব্যাংক লিঃ, পাবলিক সার্ভিস কমিশন শাখা, ঢাকায় ব্যাংক হিসাব খোলার অনুমতি প্রদান।

সূত্র: স্থানীয় সরকার বিভাগের স্মারক নং ০৪৬.০৪৬.১১১.০০.০০.০০৮.২০১৮-০১; তারিখ: ০২ জুলাই ২০১৮।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে স্থানীয় সরকার বিভাগ এর মাধ্যমে সরাসরি বাস্তবায়নের জন্য ০৫(পাঁচ) বছর মেয়াদে Efficient and Accountable Local Governance (EALG) শীর্ষক প্রকল্প অনুমোদিত হয়েছে। উক্ত প্রকল্পের মাধ্যমে দেশের ০৮(আট)টি বিভাগের ০৮(আট)টি জেলার ১৬(ষোল)টি উপজেলা পরিষদ এবং ২৪০টি ইউনিয়ন পরিষদের ক্যাপাসিটি বিল্ডিংসহ অন্যান্য সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়ন করা হবে। এ প্রকল্প বাস্তবায়নের জন্য UNDP, SDC ও DANIDA আর্থিক সহায়তা প্রদান করবে। ইউএনডিপি'র অর্থায়নে বাস্তবায়িত প্রকল্পসমূহে ব্যবহারের জন্য NEX Manual অনুযায়ী রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ব্যাংকে হিসাব খোলার নির্দেশনা রয়েছে। বর্ণিত প্রকল্পটি বাস্তবায়নের জন্য জাতীয় প্রকল্প পরিচালক ও যুগ্মসচিব (উপজেলা), স্থানীয় সরকার বিভাগ, উপ-প্রকল্প পরিচালক ও উপসচিব (ইউনিয়ন পরিষদ), স্থানীয় সরকার বিভাগ এবং উপ-প্রকল্প পরিচালক ও উপসচিব (উপজেলা), স্থানীয় সরকার বিভাগ এর যৌথ স্বাক্ষরে সোনালী ব্যাংক লিঃ, পাবলিক সার্ভিস কমিশন শাখা, ঢাকায় “EALG-Operation, Maintenance and others” শিরোনামে একটি চলতি ব্যাংক হিসাব খোলার জন্য নির্দেশক্রমে অনুমতি প্রদান করা হলো।


০৬/০৭/১৮

(আনজুমান আরা)
উপসচিব
ফোন: ৯৫৬২২৪৭

যুগ্মসচিব (উপজেলা), স্থানীয় সরকার বিভাগ
ও

জাতীয় প্রকল্প পরিচালক

Efficient and Accountable Local Governance (EALG), ঢাকা।

অনুলিপি:

- ১। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, সিজিএ ভবন (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। এ্যাসিস্টেন্ট কান্ট্রি ডাইরেক্টর, ইউএনডিপি, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।